

উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের প্রাথমিক ধারণা

Introduction to Cost Accounting



ভূমিকা

Introduction

মানব সভ্যতার সূচনালগ্ন হতে হিসাববিজ্ঞানের উৎপত্তি। নানাবিধ বিবর্তন ও প্রয়োজনের সাথে তাল মিলিয়ে বিভিন্ন শাখা প্রশাখায় বিভক্ত হয়ে হিসাববিজ্ঞান আজ উন্নতির চরম শিখরে। উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান হিসাববিজ্ঞানের একটি শক্তিশালী ও গুরুত্বপূর্ণ শাখা। আর্থিক হিসাববিজ্ঞানের বিভিন্ন সীমাবদ্ধতার কারণে উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান ক্রমেই উন্নতি লাভ করছে। আর্থিক হিসাববিজ্ঞানের তথ্যসমূহ সাধারণভাবে প্রতিষ্ঠানের কার্যাবলি নিয়ন্ত্রণে ব্যবস্থাপনাকে সহায়তা করে থাকে কিন্তু উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ তথ্যসমূহ পর্যাপ্ত নয়। বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে ব্যয় নির্ধারণের চেয়ে ব্যয় নিয়ন্ত্রণ অধিক গুরুত্বপূর্ণ। উৎপাদন ব্যয় হিসাব এ ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ। উৎপাদন ব্যয় হিসাব এ ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। মূলতঃ উনবিংশ শতাব্দীতে শিল্প বিপ্লবের পর শিল্প উৎপাদনে তীব্র প্রতিযোগিতার ফলে ব্যয় নির্ণয় ও ব্যয় নিয়ন্ত্রণের উদ্দেশ্যে উৎপাদন ব্যয় হিসাবের আনুষ্ঠানিক যাত্রা শুরু। এ ইউনিটে আমরা উৎপাদন ব্যয় হিসাবের মৌলিক বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করবো।



ইউনিট সমাপ্তির সময়

ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ২ সপ্তাহ

এ ইউনিটের পাঠসমূহ

পাঠ-১.১ : উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের প্রাথমিক আলোচনা।

পাঠ-১.২ : আর্থিক হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা হিসাববিজ্ঞানের সাথে উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের পার্থক্য।

পাঠ-১.৩ : সংগঠন কাঠামো এবং উৎপাদন ব্যয় হিসাবরক্ষক।

পাঠ-১.৪ : পেশা হিসেবে উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান।



মূখ্য শব্দ

ব্যয়, উৎপাদন ব্যয়, উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান, ব্যয় নিয়ন্ত্রণ, মান ব্যয়, বাজেট, একক ব্যয়, টেন্ডার মূল্য।

পাঠ-১.১

উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের প্রাথমিক আলোচনা

Introductory Discussion on Cost Accounting



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান কী বলতে পারবেন।
- উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের উদ্দেশ্য বুঝিয়ে বলতে পারবেন।
- উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের আওতা সম্পর্কে বলতে পারবেন।
- উৎপাদন ব্যয় হিসাবচক্র ব্যাখ্যা করতে পারবেন।



উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান

Cost Accounting

Cost কথাটার সাথে Production Cost ও Service cost এ দুটি কথা জড়িত। দ্রব্যের Production Cost ও সেবার Service cost কে সহজভাবে Cost বা ব্যয় বলা হয়েছে। উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান বলতে পণ্য বা সেবার ব্যয় নির্ণয় বিভাগওয়ারী ব্যয় বন্টন, ব্যয় নিয়ন্ত্রণ, ব্যয়ের শ্রেণী বিন্যাস ব্যয়ের সঠিক বিশ্লেষণ ও বরাদ্দকরণকে বুঝায়। এ শাস্ত্রের মূল বিষয় হচ্ছে maximum benefit at a minimum cost অর্থাৎ সর্বনিম্ন ব্যয়ে সর্বধিক সুবিধা।

Charles T. Hongren এর মতে “Cost accounting measures analyzes and reports financial and non financial information relating to the costs of acquiring or using resources in a organization. Cost accounting provides information for management accounting and financial accounting.” অর্থাৎ উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান একটি সংগঠনে সম্পদ সংগ্রহ ও ব্যবহারের জন্য যে ব্যয় হয় সে ব্যয়ের পরিমাপকরণ, বিশ্লেষণ এবং এর ফলে উদ্ভূত আর্থিক ও অনর্থিক তথ্যসমূহের পরিবেশনকে বুঝায়। উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান এবং আর্থিক হিসাববিজ্ঞানের জন্যে তথ্য সরবরাহ করে থাকে।

ICMA London এর মতে, The application of costing and cost accounting Principles, techniques to the Science, art and practice of Cost control and the ascertainment of Profitability. It includes the presentation of informaton derived these from for the purpose of managerial decision making. অর্থাৎ ব্যয় নিয়ন্ত্রণ মুনাফা নির্ধারণের কলা, বিজ্ঞান ও পদ্ধতির ক্ষেত্রে উৎপাদন ব্যয় হিসাবের নীতি, পদ্ধতি ও কৌশলসমূহ প্রয়োগই উৎপাদন ব্যয় হিসাব। এ উদ্দেশ্য হলো ব্যবস্থাপকীয় সিদ্ধান্ত গ্রহণের জন্যে প্রাপ্ত তথ্য যথাযথভাবে উপস্থাপন করা।

অতএব, উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান হলো এমন এক হিসাব পদ্ধতি যা উৎপাদিত পণ্য বা সেবার ব্যয় নির্ণয়ের জন্যে ব্যয় বন্টন, ব্যয় বিশ্লেষণ এবং ব্যয় নিয়ন্ত্রণের জন্যে বিভিন্ন কৌশল প্রয়োগ করে এবং ব্যবস্থাপনাকে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যয় তথ্য সরবরাহ করে থাকে।

উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের উদ্দেশ্য

Objectives of Cost Accounting

উৎপাদনশীল প্রতিষ্ঠানের ক্ষেত্রে উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের উদ্দেশ্য বহুবিধ। নিম্নে এর প্রধান কয়েকটি উল্লেখ করা হলো:

১. **ব্যয় নির্ণয় (Cost Determination)** : উৎপাদন ব্যয় হিসাবের প্রধান উদ্দেশ্য হচ্ছে কোনো পণ্যের উৎপাদনের উপাদানগুলোর ব্যয়ের ভিত্তিতে পণ্যের মোট ব্যয় ও একক প্রতি ব্যয় নির্ণয়।
২. **ব্যয় নিয়ন্ত্রণ (Cost Control)** : দক্ষ ব্যবস্থাপনা, ব্যয় সংকোচন ও অপচয় রোধ করা উৎপাদন ব্যয় হিসাবের আরও একটি মূখ্য কাজ। উৎপাদন ব্যয় বাজেট প্রণয়ন ও মান ব্যয় (**Standard Costing**) প্রয়োগ করে উৎপাদন ব্যয় নিয়ন্ত্রণ করা উৎপাদন ব্যয় হিসাবের অন্যতম প্রধান উদ্দেশ্য।

৩. **ব্যয় বিশ্লেষণ (Cost Analysis):** মোট উৎপাদন ব্যয় এর মধ্যে কোন পণ্যের জন্যে কত ব্যয় হয়েছে তা বিশ্লেষণ করা উৎপাদন ব্যয় হিসাবের একটি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য।
৪. **পণ্যের বিক্রয়মূল্য নির্ধারণ (Determining Selling Price of Product):** প্রতিটি পণ্যের পৃথক পৃথক উৎপাদন ব্যয় নির্ণয় করে ব্যয়ের সাথে নির্ধারিত হারে মুনাফা যোগ করে পণ্যের বিক্রয়মূল্য নির্ধারণ উৎপাদন ব্যয় হিসাবের অন্যতম উদ্দেশ্য।
৫. **মুনাফা নিরূপণ (Profit Determination):** পণ্যের এককের ভিত্তিতে, প্রক্রিয়ার ভিত্তিতে কিংবা সময়ের ভিত্তিতে নির্দিষ্ট সময়ে কী পরিমাণ মুনাফা অর্জিত হয়েছে তা নিরূপণ করা উৎপাদন ব্যয় হিসাবের অপর একটি উদ্দেশ্য।
৬. **বাজেট প্রণয়ন (Preparation of Budget):** ভবিষ্যৎ পরিকল্পনা ও বাজেট প্রণয়নে বিভিন্ন তথ্য সরবরাহ করে উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান তার অন্যতম উদ্দেশ্য পালন করে থাকে।
৭. **ব্যবস্থাপনাকে সহায়তা (To help Management):** উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে সিদ্ধান্ত গ্রহণে ব্যবস্থাপনাকে সহায়তা করে থাকে।
৮. **টেন্ডারমূল্য নির্ধারণ (Determining Tender Price):** টেন্ডার বা দরপত্রের মূল্য নির্ধারণে উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান সাহায্য করে। ব্যয় বিবরণী প্রস্তুত করে কোনো ফরমালেশ, জব ফার্ম বা ঠিকা কার্যের টেন্ডার মূল্য নির্ধারণ করা হয়।
৯. **লাভজনক পণ্য চিহ্নিতকরণ (Identify Profitable Product):** উৎপাদন ব্যয় হিসাবের মাধ্যমে লাভজনক পণ্য চিহ্নিত করা যায়। তাই এটি লাভজনক পণ্যের উৎপাদন বৃদ্ধি এবং অলাভজনক পণ্যের উৎপাদন হ্রাস বা বন্ধের সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে।

উৎপাদন ব্যয় হিসাবের আওতা

Scope of Cost Accounting

শিল্প বিপ্লব ও শিল্প সংস্কারের পর উৎপাদন ও বিপণনের ক্ষেত্রে তীব্র প্রতিযোগিতার সৃষ্টি হয়। ফলে ব্যয় নির্ণয় ও ব্যয় নিয়ন্ত্রণের বিষয়টি মূখ্য হয়ে ওঠে। বিবর্তনের ধারাবাহিকতায় উৎপাদন ব্যয় হিসাবের আওতা, বিষয়বস্তু ও পরিধি ক্রমশঃ সম্প্রসারিত হচ্ছে। নিম্নে উৎপাদন ব্যয় হিসাবের আওতা বা পরিধি সংক্ষেপে বর্ণনা করা হলো :


১. **উৎপাদনকারী প্রতিষ্ঠানে (In Manufacturing Concern):** উৎপাদনকারী প্রতিষ্ঠানে উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের ব্যবহার সর্বাধিক। প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্যের ব্যয় নির্ণয়, ব্যয় নিয়ন্ত্রণ ও বিক্রয়মূল্য নির্ধারণে উৎপাদন ব্যয় হিসাব ব্যবহৃত হয়। উৎপাদন ব্যয় হিসাব ব্যয় সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণে বিভিন্ন প্রতিবেদন ও বিবরণী প্রস্তুত করে ব্যবস্থাপনাকে সহায়তা করে থাকে।
২. **সেবামূলক প্রতিষ্ঠানে (In Service Concern):** সেবাদানকারী প্রতিষ্ঠান যেমনঃ পরিবহন সংস্থা, হাসপাতাল, বেতার, টেলিফোন, শিক্ষা প্রতিষ্ঠান, ওয়াসা, বিদ্যুৎ প্রভৃতি সেবামূলক সংস্থায় ব্যয় হিসাববিজ্ঞানের ব্যবহার লক্ষণীয়। এসব প্রতিষ্ঠানে ন্যূনতম খরচে সর্বোত্তম সেবা দেয়ার প্রতিশ্রুতি ও সামাজিক দায়িত্ব পালন উৎপাদন হিসাবের পদ্ধতি ও কৌশলসমূহের যথাযথ ব্যবহারের উপর অনেকটা নির্ভরশীল। এসব প্রতিষ্ঠানের সেবার প্রভৃতি ভিন্ন হওয়ায় ভিন্ন ভিন্ন পদ্ধতিতে একক প্রতি ব্যয় ও মোট ব্যয় নির্ণয় করতে হয়।

এ ছাড়াও পারিবারিক ও সামাজিক অনুষ্ঠানের পরিকল্পনা তৈরী ও ব্যয়নির্ণয়ে উৎপাদন ব্যয় হিসাবের উপর নির্ভর করতে হয়।

উৎপাদন ব্যয় হিসাবচক্র

Cost Accounting Cycle

একটি পণ্যের উৎপাদনে কতকগুলো ধাপ অতিক্রম করতে হয়। উৎপাদনের বিভিন্ন স্তরে বা পর্যায়ে যে কাজগুলো করতে হয় তা ক্রমানুসারে লিপিবদ্ধকরণ ও বিশ্লেষণের ধারাবাহিক চক্রকে বলা হয় উৎপাদন ব্যয় হিসাব চক্র। নিম্নে এর একটি ছক উল্লেখ করা হলো: -



সংক্ষেপে উপরোক্ত ধাপগুলো বিশ্লেষণ করা হলো: -

১. **ব্যয় তথ্য সংগ্রহ ও লিপিবদ্ধকরণ (Accumulation and Recording of Cost Data)** : পণ্য উৎপাদন বা সেবাকার্যে সংঘটিত কাঁচামাল, শ্রম ও উপরিব্যয়ের তথ্য সংগ্রহ ও তা লিপিবদ্ধ করা উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের প্রথম কাজ।
২. **ব্যয় শ্রেণীবিন্যাসকরণ (Classification of Cost)** : ব্যয়সমূহ লিপিবদ্ধকরণের পর এদের প্রকৃতি ও উপাদানের ভিত্তিতে শ্রেণীবিন্যাস করা উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের দ্বিতীয় কাজ।
৩. **ব্যয় নির্ণয় (Determination of Cost)**: উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের তৃতীয় ধাপের কাজ হলো পণ্য বা সেবার মোট উৎপাদন ব্যয় ও একক প্রতি উৎপাদন ব্যয় নির্ণয় করা।
৪. **বিক্রয়মূল্য নির্ধারণ (Determining of selling Price)**: উৎপাদন ব্যয় হিসাবের অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হলো পণ্য বা সেবার বিক্রয়মূল্য নির্ধারণ করা। মোট ব্যয়ের সাথে প্রত্যাশিত মুনাফা যোগ করে বিক্রয়মূল্য পাওয়া যায়।
৫. **ব্যয় নিয়ন্ত্রণ (Cost Control)**: সাম্প্রতিককালে ব্যয় নির্ণয়ের চেয়ে ব্যয় নিয়ন্ত্রণই উৎপাদন হিসাববিজ্ঞানের প্রধান গুরুত্বপূর্ণ কাজ হিসেবে পরিণত হয়েছে। মান ব্যয় (Standard Costing), বাজেট প্রভৃতি প্রণয়ন করে প্রকৃত ব্যয়ের সাথে তুলনা করে প্রভেদ নির্ণয় ও সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করে ব্যয় নিয়ন্ত্রণ করা হয়।

৬. **পরিকল্পনা প্রণয়ন (Planning) :** উৎপাদন ব্যয় হিসাববিদগণ ভবিষ্যত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করে উৎপাদন ব্যয় নিয়ন্ত্রণে সাহায্য করে থাকেন।
৭. **আর্থিক বিবরণী তৈরীতে তথ্য সরবরাহ (Supply Information to Prepare Financial Statement):** একটি নির্দিষ্ট হিসাবকাল শেষে প্রতিষ্ঠানের আর্থিক বিবরণী তৈরির উদ্দেশ্যে প্রতিটি বিভাগ বা কার্যের ব্যয় তথ্য সরবরাহ করা উৎপাদন করা হিসাববিজ্ঞানের অন্যতম গুরুত্বপূর্ণ কাজ।



সারসংক্ষেপ:

উৎপাদিত পণ্য বা সেবার মোট ব্যয় ও একক প্রতি ব্যয় নির্ণয়ের জন্যে ব্যয় বন্টন, ব্যয় বিশ্লেষণ এবং ব্যয় নিয়ন্ত্রণের উদ্দেশ্যে বিভিন্ন কৌশল প্রয়োগ করে ব্যবস্থাপনাকে প্রয়োজনীয় তথ্য সরবরাহের কাজে নিয়োজিত হিসাববিজ্ঞানের শাখাকে বলা হয় উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান। ব্যয় নির্ণয়, ব্যয় নিয়ন্ত্রণ, পণ্য বা সেবার বিক্রয়মূল্য নির্ধারণ, প্রভৃতি উৎপাদন ব্যয় হিসাবের প্রধান উদ্দেশ্য। শুধু পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানেই নয় সেবামূলক প্রতিষ্ঠানের ক্ষেত্রেও উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান সমভাবে প্রযোজ্য।

পাঠ-১.২

আর্থিক হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা হিসাববিজ্ঞানের সাথে উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের পার্থক্য
Difference of Cost Accounting with Financial Accounting and Management Accounting

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- আর্থিক হিসাববিজ্ঞানের সাথে উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের পার্থক্য বলতে পারবেন।
- ব্যবস্থাপনা হিসাববিজ্ঞানের সাথে উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের পার্থক্য তুলে ধরতে পারবেন



আর্থিক হিসাববিজ্ঞান ও উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের মধ্যে পার্থক্য

Difference Between Financial Accounting and Cost Accounting

আর্থিক হিসাববিজ্ঞান ও উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান হিসাববিজ্ঞানের দু'টি গুরুত্বপূর্ণ শাখা। আর্থিক হিসাববিজ্ঞানের সীমাবদ্ধতা দূরীকরণের জন্যে উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের উদ্ভব হয়েছে। আর্থিক হিসাববিজ্ঞান ও উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের প্রধান পার্থক্যগুলো নিম্নে সংক্ষেপে উল্লেখ করা হলো:

পার্থক্যের বিষয়	আর্থিক হিসাববিজ্ঞান	উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান
১। উদ্দেশ্য	একটি নির্দিষ্ট হিসাবকালের লাভ-ক্ষতি নির্ণয় ও আর্থিক অবস্থা প্রদর্শন আর্থিক হিসাববিজ্ঞানের মূখ্য উদ্দেশ্য	পণ্য বা সেবার ব্যয় নির্ণয় ও ব্যয় নিয়ন্ত্রণ উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের মূখ্য উদ্দেশ্য
২। আওতা	সব ধরনের প্রতিষ্ঠানের হিসাব সংরক্ষণ করা হয় বলে এর আওতা ব্যাপক।	শুধুমাত্র উৎপাদনকারী প্রতিষ্ঠানের হিসাব সংরক্ষণ করা হয় বলে এর আওতা সীমিত।
৩। হিসাবকাল	আর্থিক হিসাববিজ্ঞান সাধারণত ত্রৈমাসিক, অর্ধবার্ষিক কিংবা বার্ষিক ভিত্তিতে প্রতিষ্ঠানের ফলাফল ও আর্থিক অবস্থার প্রতিবেদন পেশ করে।	ব্যবস্থাপনার চাহিদা অনুযায়ী উৎপাদন ব্যয় যে কোনো সময় ব্যয়ের হিসাব পেশ করে থাকে।
৪। ব্যয় নির্ণয়ের প্রকৃতি	আর্থিক হিসাববিজ্ঞান কোনো পণ্য বা সেবার একক প্রতি ব্যয় নির্ণয় করে না।	উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান পণ্য বা সেবার মোট ব্যয় নির্ণয়ের পাশাপাশি একক প্রতি ব্যয়ও নির্ণয় করে থাকে।
৫। গাণিতিক সঠিকতা যাচাই	রেওয়ামিল প্রস্তুতের মাধ্যমে আর্থিক লেনদেন সংক্রান্ত তথ্যের গাণিতিক সঠিকতা যাচাই করা যায়।	এক্ষেত্রে গাণিতিক সঠিকতা যাচাই করা যায় না।
৬। মজুত মূল্যায়ন	পণ্যের ক্রয়মূল্য বা বাজারমূল্য এ দু'য়ের যেটি কম তার ভিত্তিতে মজুত মূল্যায়ন করা হয়।	উৎপাদন ব্যয়ের ভিত্তিতে মজুত পণ্যের মূল্যায়ন করা হয়।
৭। লেনদেনের পরিধি	আর্থিক হিসাববিজ্ঞান প্রতিষ্ঠানের ভিতরের ও বাইরের পক্ষের সাথে লেনদেন লিপিবদ্ধ করে থাকে।	উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান কেবল অভ্যন্তরীণ লেনদেন লিপিবদ্ধ করে।
৮। নিয়ন্ত্রক	আর্থিক হিসাবরক্ষণ হিসাব রক্ষকের নিয়ন্ত্রণে থাকে।	উৎপাদন ব্যয় হিসাবরক্ষণ ব্যয় হিসাবরক্ষকের নিয়ন্ত্রণে থাকে।

ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান ও উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের মধ্যে পার্থক্য

Difference between Management Accounting and Cost Accounting

ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান ও উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান অঙ্গাঙ্গিভাবে জড়িত। উৎপাদন ব্যয় হিসাবের মাধ্যমে পণ্য বা সেবার ব্যয় নির্ণয়, নিয়ন্ত্রণ ও বিশ্লেষণ করে পণ্য বা সেবার মূল্য নির্ধারণ করা হয়। অপরদিকে ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান পরিকল্পনা প্রণয়ন, নিয়ন্ত্রণ, নির্দেশনা ও সমন্বয় সাধনের মাধ্যমে ব্যবস্থাপকীয় সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে থাকে। নিম্নে ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান ও উৎপাদন ব্যয় হিসাবের মধ্যে প্রধান কয়েকটি পার্থক্য সংক্ষেপে বর্ণনা করা হলো :

পার্থক্যের বিষয়	ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান	উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান
১। উদ্দেশ্য	প্রতিষ্ঠান পরিচালনার জন্যে সঠিক সিদ্ধান্ত গ্রহণে ব্যবস্থাপনাকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা ব্যবস্থাপনা হিসাববিজ্ঞানের প্রধান উদ্দেশ্য	উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের মূখ্য উদ্দেশ্য হলো ব্যয় নির্ণয় ও ব্যয় নিয়ন্ত্রণ
২। প্রকৃতি	এটি সিদ্ধান্ত গ্রহণের জন্যে অতীত, বর্তমান ও ভবিষ্যৎ তথ্যাবলী বিশ্লেষণ করে।	উৎপাদন ব্যয় হিসাব অতীত ও বর্তমান তথ্য দিয়ে প্রতিবেদন পেশ করে।
৩। নীতি	ব্যবস্থাপনা হিসাববিজ্ঞানের ক্ষেত্রে নিয়ম নীতির বাধ্যবাধকতা কম।	উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান হিসাববিজ্ঞানের নীতি রীতি অনুসরণ করে রিপোর্ট পেশ করে।
৪। তথ্যের ধরণ	ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান সংখ্যাত্মক ও গুণগত উভয় তথ্য ব্যবহার করে।	উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান শুধুমাত্র সংখ্যাত্মক তথ্য হিসাবভুক্ত করে।
৫। তথ্যের উৎস	ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান আর্থিক হিসাব ও উৎপাদন ব্যয় হিসাব থেকে তথ্য সংগ্রহ করে।	উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান আর্থিক হিসাব থেকে তথ্য সংগ্রহ করে।
৬। সঠিকতা	যাবতীয় তথ্য সূক্ষ্ম বিশ্লেষণের মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হয় বলে এর সঠিকতা বেশী।	এটি অনুমানভিত্তিক হয়ে থাকে, তাই সঠিকতা তুলনামূলকভাবে কম।
৭। প্রয়োজনীয়তা	প্রতিষ্ঠানের মুনাফা ও সম্পদ সর্বাধিকরণে এটি খুবই গুরুত্বপূর্ণ	ব্যয় নির্ণয়, বিশ্লেষণ, নিয়ন্ত্রণ ও হ্রাসকরণে এটি গুরুত্বপূর্ণ



সারসংক্ষেপ:

উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান আর্থিক হিসাববিজ্ঞানের দুটি গুরুত্বপূর্ণ শাখা। এদের একটির সাথে অন্যটির যথেষ্ট মিল রয়েছে। ব্যবহারকারীদের কাছে সবগুলোই অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে উদ্দেশ্য, আওতা, হিসাবকাল, ব্যয় নির্ণয়ের প্রভৃতি, মজুত মূল্যায়ন, লেনদেনের উৎস ও পরিধি প্রভৃতি ক্ষেত্রে উৎপাদন হিসাববিজ্ঞানের সাথে আর্থিক হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা হিসাববিজ্ঞানের যথেষ্ট অমিল বা পার্থক্য পরিলক্ষিত হয়।

পাঠ-১.৩

সংগঠন কাঠামো এবং উৎপাদন ব্যয় হিসাবরক্ষক

Organization Structure and the Cost Accountant



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- সংগঠন কাঠামোতে উৎপাদন ব্যয় হিসাবরক্ষকের অবস্থান ও ভূমিকা তুলে ধরতে পারবেন।
- সিদ্ধান্ত গ্রহণে ব্যয় সুবিধা বিশ্লেষণ করতে পারবেন।




সংগঠন কাঠামো এবং উৎপাদন ব্যয় হিসাবরক্ষক

Organization Structure and the Cost Accountant

একটি প্রতিষ্ঠানের কর্মীদের দায়দায়িত্ব, ক্ষমতা, কর্তৃত্ব প্রভৃতির ভিত্তিতে নির্ধারিত প্রশাসনিক কাঠামোই হচ্ছে সাংগঠনিক কাঠামো। সাংগঠনিক কাঠামোর মাধ্যমে প্রতিষ্ঠানের প্রশাসনিক বিভিন্ন স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে দায়িত্ব বন্টন, সমন্বয় এবং তথ্য প্রবাহের উপায় নির্দেশিত হয়। সাংগঠনিক কাঠামোতে উৎপাদন ব্যয় হিসাবরক্ষকের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। উৎপাদন ব্যয় হিসাবরক্ষক উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের নীতি ও পদ্ধতি অনুসরণ করে অভ্যন্তরীণ ব্যবহারকারীদের জন্য গুরুত্বপূর্ণ অনেক প্রতিবেদন প্রস্তুত করে থাকেন। এর ভিত্তিতে প্রতিষ্ঠানের ভবিষ্যৎ পরিকল্পনা ও সিদ্ধান্ত গৃহীত হয় উৎপাদন ব্যয় হিসাবরক্ষক সাধারণত নিম্নোক্ত কাজগুলো সম্পাদন করে থাকেনঃ-

১. কাঁচামাল, শ্রম ও উপরিব্যয় বিশ্লেষণ করা,
২. নতুন পণ্য উৎপাদনের জন্যে গবেষণা ও উন্নয়ন বিভাগের সাথে সমন্বয় সাধন,
৩. নতুন পণ্যের ব্যয় নির্ধারণের পাশপাশি মোট মুনাফা বিশ্লেষণ করা

সংগঠন কাঠামো প্রতিষ্ঠানের ধরণ ও আকারভেদে ভিন্ন হয়ে থাকে। নিম্নে একটি সাধারণ কাঠামো বা ছক উল্লেখ করা হলো:-



সংগঠন কাঠামোতে সবার উপরে পরিচালনা পর্ষদ বা Board of Directors যারা শেয়ার হোল্ডারগণ কর্তৃক নির্বাচিত হন এবং তারাই প্রতিষ্ঠানের প্রধান নিয়ন্ত্রণকারী।

অভ্যন্তরীণ নিরীক্ষক CFO এর নিকট প্রতিবেদন পেশের পাশাপাশি পরিচালনা পর্ষদ বা নিরীক্ষা কমিটির নিকট স্বাধীনভাবে প্রতিবেদন ও মতামত পেশ করে থাকেন।

CFO: সংগঠনের সব আর্থিক ও হিসাব কার্যের দায়িত্বে থাকেন এবং তিনি CEO এর নিকট জবাবদিহি করেন।

Controller: অভ্যন্তরীণ সিদ্ধান্ত গ্রহণ ও বাহ্যিক প্রতিবেদন পেশের জন্য তথ্য সরবরাহকারী এবং কর বিবরণী দাখিলের কাজে নিয়োজিতদের কাজের জন্যে দায়বদ্ধ থাকেন।

Cost Accountant / Managerial Accountant : তারা সরাসরি Controller এর নিকট প্রতিবেদন পেশ করেন এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ সিদ্ধান্ত গ্রহণে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করেন।

Financial Accountant: তিনি সরাসরি Controller এর নিকট জবাবদিহি করেন। তিনি GAAP, SEC এর চাহিদা অনুযায়ী হিসাবকালের রিপোর্ট প্রস্তুতের জন্যে দায়বদ্ধ।

Financial Accountant: তিনি CFO এর নিকট তার কাজের জন্যে দায়ি থাকেন।

Internal Auditor: তিনিও তার কাজের জন্যে সরাসরি CFO এর নিকট দায়বদ্ধ। প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীতে প্রতিষ্ঠানের সত্য ও ন্যায়সংগত চিত্র ফুটে উঠেছে এ মর্মে তিনি প্রতিবেদন পেশ করে থাকেন।

Tax Accountant: তিনি সংশ্লিষ্ট পক্ষের নিকট কর সম্পর্কিত তথ্য প্রদানে সরাসরি Controller এর নিকট দায়বদ্ধ থাকেন।

সিদ্ধান্ত গ্রহণে ব্যয় সুবিধা হিসাব

Cost Benefit Approach in Decision Making

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা প্রতিনিয়ত সম্পদ বন্টন সিদ্ধান্ত গ্রহণের সম্মুখীন হন। ব্যয় সুবিধা হিসাব হলো উৎপাদন ব্যয় হিসাবের এমন একটি কৌশল যেখানে ব্যয়ের বিপরীতে প্রাপ্ত সুবিধা বিবেচনা করা হয়। ব্যয় সুবিধা হিসাব ব্যবস্থাপককে সিদ্ধান্ত গ্রহণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। সম্ভাব্য ব্যয় থেকে প্রত্যাশিত সুবিধা বেশী হলে তা গ্রহণ করা হয়। সর্বনিম্ন ব্যয়ে সর্বোচ্চ সুবিধা Maximum Benefit at a Minimum Cost ই ব্যয় সুবিধা বিশ্লেষণের মূলকথা। পণ্য সারীতে (Product Line) নতুন কোনো পণ্য যুক্ত করা, নতুন কোনো প্রযুক্তির ব্যবহার প্রভৃতি ক্ষেত্রে সর্বাত্মক একরূপ ব্যয় থেকে প্রাপ্ত সুবিধা কতটুকু তা বিবেচনা করা হয়।



সারসংক্ষেপ:

প্রতিষ্ঠানের ধরণ অনুযায়ী সাংগঠনিক কাঠামো বা ছকও ভিন্ন হয়ে থাকে। সংগঠন কাঠামোতে উৎপাদন ব্যয় হিসাবরক্ষকের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ব্যবস্থাপনা সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে এবং ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়নে উৎপাদন ব্যয় হিসাববিদদের সরবরাহকৃত তথ্যের উপর নির্ভর করতে হয়। প্রতিষ্ঠান পরিচালনায় সবার ওপরে Board of Directors বা পরিচালনা পর্ষদের অবস্থান। অন্যান্য বিভাগগুলোও পরস্পরকে সমন্বয় ও জবাবদিহিতার জন্যে সর্বোপরি পরিচালনা পর্ষদের নিকট দায়ী থাকে। ব্যবস্থাপকীয় সিদ্ধান্ত গ্রহণে ব্যয় (Cost) সুবিধা (Benefit) বিশ্লেষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। সম্ভাব্য ব্যয়(Cost) থেকে প্রত্যাশিত সুবিধা (Benefit) বেশী হলে তখনই ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হতে পারে।

পাঠ-১.৪

পেশা হিসেবে উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান
Cost Accounting as a Profession

উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- পেশা হিসেবে উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানকে মূল্যায়িত করতে পারবেন।
- পেশাগত নৈতিকতা কী তা বলতে পারবেন।
- পেশাগত নৈতিকতার বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবেন।

পেশা হিসেবে উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান
Cost Accounting as a Profession

সাধারণ অর্থে পেশা বলতে জীবিকা অর্জনের উদ্দেশ্যে বিশেষ জ্ঞান, দক্ষতা ও প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে বৃত্তিমূলক কাজ বা সেবা কর্মকে বুঝায়। উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান পেশা কি না তার ব্যাখ্যা দেয়ার জন্যে পেশার বিশেষ বৈশিষ্ট্য উল্লেখ করা হলো-

১. **বিশেষ জ্ঞান (Specialized Knowledge)** : কোনো বিষয়ে পেশাদার হতে হলে ঐ বিষয়ে বিশেষ জ্ঞান থাকা আবশ্যিক। আমাদের দেশে উৎপাদন ব্যয় হিসাববিদ হওয়ার জন্যে ICMAB থেকে ডিগ্রী অর্জন করতে হয়।
২. **ব্যবহারিক জ্ঞান (Practical Knowledge)** : কোনো বিষয়ে পেশাদার হতে হলে তাত্ত্বিক জ্ঞানের পাশাপাশি ঐ বিষয়ে ব্যবহারিক জ্ঞান অর্জন করতে হয়। উৎপাদন ব্যয় হিসাববিদ হওয়ার জন্যে ফার্ম থেকে ব্যবহারিক জ্ঞান অর্জন করতে হয়।
৩. **ব্যবহারিক জ্ঞানের প্রয়োগ (Application of Practicle Knowledge)**: শুধুমাত্র বিশেষ জ্ঞান ও ব্যবহারিক জ্ঞান অর্জন করলেই চলবে না পেশাদার ব্যক্তিগণকে উক্ত জ্ঞান ব্যবহারিক ক্ষেত্রে প্রয়োগ করতে হবে। উৎপাদন ব্যয় হিসাববিদগণ উৎপাদন ব্যয় হিসাবরক্ষক, উৎপাদন ব্যয় নিরীক্ষক, ডাইরেক্টর ফাইন্যান্স, জেনারেল ম্যানেজার (কস্ট এন্ড বাজেট) প্রভৃতি পদে কর্মরত থেকে ব্যবহারিক জ্ঞানের প্রয়োগ করে থাকেন।
৪. **নৈতিক মান (Ethical Standard)**: যে কোনো পেশাদার ব্যক্তিগণকে সে পেশা সম্পর্কিত নৈতিক মান মেনে চলতে হয়। তেমনি উৎপাদন ব্যয় হিসাববিদগণকে পেশাগত আচরণবিধি মেনে চলতে হয়।
৫. **কাজের স্বাধীনতা (Freedom of works)**: পেশার গুণগত মান বজায় রাখার জন্যে কাজ করার স্বাধীনতা থাকতে হয় যা উৎপাদন ব্যয় হিসাববিদদের ক্ষেত্রে পূর্ণমাত্রায় বিদ্যমান।
৬. **সামাজিক দায়িত্ব (Social Responsibility)** : পেশাদার ব্যক্তিগণ সমাজে সেবাদান করেন বিনিময়ে প্রতিদান ও গ্রহণ করে থাকেন।

উপরোক্ত বৈশিষ্ট্যের আলোকে বলা যায় উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান নিঃসন্দেহে একটি স্বীকৃত পেশা। বর্তমান সারা বিশ্বে উৎপাদন ব্যয় হিসাববিদদের মর্যাদা ও কর্মক্ষেত্র দিন দিন সমৃদ্ধ হচ্ছে।

পেশাগত নৈতিকতার বৈশিষ্ট্য

Features of Professional Ethics

পেশাগত নৈতিকতার কয়েকটি প্রধান বৈশিষ্ট্য নিম্নে বর্ণনা করা হলো।

১. **ন্যায় পরায়ণতা (Integrity)** : পেশাগত কাজে একজন পেশাদারকে সৎ, স্পষ্টবাদী ও বিশ্বস্ত হতে হবে।
২. **গোপনীয়তা (Confidentiality)** : উৎপাদন ব্যয় হিসাববিদদের অন্যতম পেশাগত নৈতিকতা হলো গোপন বিষয় গোপন রাখা। একান্ত প্রয়োজন না হলে মক্কেলের ব্যবসায়িক গোপন বিষয়গুলো তৃতীয় পক্ষের নিকট প্রকাশ করবেন না।

৩. **উপযুক্ত যত্ন (Due Care):** পেশাদার হিসাববিদগণ পেশাগত আধুনিক জ্ঞান সম্পন্ন হবেন। পেশাগত কাজে তাদেরকে আন্তরিক ও যত্নবান হতে হবে।
৪. **পেশাগত দক্ষতা (Professional Efficiency):** উৎপাদন ব্যয় হিসাববিদদেরকে পেশা সংশ্লিষ্ট বিধি-বিধান, রেগুলেশন, কারিগরি মান বজায় রেখে দক্ষতার সাথে কাজ করতে হবে।।
৫. **পেশাগত আচরণ (Professional Behavior):** উৎপাদন ব্যয় হিসাববিদগণ পেশাজীবী হিসেবে সব সময় প্রাসঙ্গিক আইন মেনে চলবেন। তিনি এমন কোনো আচরণ করবেন না যাতে তার পেশার স্বার্থ ক্ষুণ্ণ হয়।
৬. **বিশ্বাসযোগ্যতা (Credibility) :** প্রত্যেক পেশাদার উৎপাদন ব্যয় হিসাববিদ নিরপেক্ষতা ও যথার্থতার সাথে যুক্তিসংগত সময় নিয়ে ব্যবহারকারীদের উদ্দেশ্যে প্রণীত প্রতিবেদন ও তথ্যসমূহ প্রকাশ করে বিশ্বাসযোগ্যতা অর্জন করবেন।



সারসংক্ষেপ:

বিশেষ জ্ঞান, দক্ষতা ও প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে জীবিকা নির্বাহকে বলা হয় পেশা। পেশার উল্লেখযোগ্য বৈশিষ্ট্যগুলো হচ্ছে, বিশেষ জ্ঞান অর্জন, ব্যবহারিক জ্ঞান অর্জন, ব্যবহারিক জ্ঞানের প্রয়োগ, নৈতিক মান বজায় রাখা ও সামাজিক দায়িত্ব পালন করা। কোনো পেশায় নিয়োজিত ব্যক্তিদের নীতি সম্মত বা সঠিক বা উচিত কাজের প্রতি আগ্রহ জাগিয়ে তোলাকে পেশাগত নৈতিকতা বলা হয়। ন্যায়পরায়নতা, গোপনীয়তা, বিশ্বাসযোগ্যতা, পেশাগত আচরণ মেনে চলা পেশাগত নৈতিকতার প্রধান বৈশিষ্ট্য।



ইউনিট মূল্যায়ন

১. উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের সংজ্ঞা দিন। (Define Cost Accounting.)
২. উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের উদ্দেশ্য বর্ণনা করুন। (Describe the objects of Cost Accounting.)
৩. উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের আওতা ব্যাখ্যা করুন। (Explain the scope of Cost Accounting.)
৪. চিত্রসহ উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের ধাপগুলো বর্ণনা করুন। (Describe the steps of Cost Accounting cycle with a sketch.)
৫. আর্থিক হিসাববিজ্ঞান ও উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের মধ্যে প্রধান পার্থক্যগুলো উল্লেখ করুন। (Mention the main differences between Financial Accounting and Cost Accounting.)
৬. ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান ও উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের মধ্যে তফাৎ বর্ণনা করুন। (Describe the difference between management accounting and cost accounting.)
৭. একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানে উৎপাদন ব্যয় হিসাবরক্ষকের ভূমিকা বা অবস্থান বর্ণনা করুন। (Describe the role or position of a Cost accountant in a manufacturing organization.)
৮. সর্বনিম্ন ব্যয়ে সর্বোচ্চ সুবিধা বলতে কী বুঝেন? (What do you meant by maximum benefit with minimum Cost?)
৯. উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান কি একটি পেশা? যুক্তি দিন। (Does cost accounting is a profession? Give argument.)
১০. পেশাগত নৈতিকতা বলতে কী বুঝেন? (What do you meant by professional ethics?)
১১. পেশাগত নৈতিকতার প্রধান বৈশিষ্ট্যগুলো বর্ণনা করুন। (Describe the main features of professional ethics.)